**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
**w.w.w.ddm.gov.bd**

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০১৫.২৫-৪৬৫, তারিখ : ০৬/০৫/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে ইউনিয়নওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা বিতরণের জন্য উপকারভোগীর নামের তালিকা ও রেজুলেশন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং: ৫১.০১.০০০০.০০০.০১৮.২০.০০০৩২.২৫.২০৪, তারিখ : ০৩-০৫-২০২৬ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচীর খাতে অত্র উপজেলার অনুকূলে সর্বমোট=৮,৪৩৮ টি কার্ডের বিপরীতে প্রত্যেক **পরিবার প্রতি ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে বিতরণের** জন্য=**৮৪.৩৮০ (চুরাশি দশমিক তিন আট শূন্য)** মে: টন (চাল) উপ-বরাদ্দ পাওয়া গেছে। মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুযায়ী অত্র উপজেলাধীন ০৪ (চার) টি ইউনিয়নের অনুকূলে জনশুমারী ২০২২ অনুযায়ী নিম্নবর্ণিত উপ-বরাদ্দের বিভাজন দেয়া হলো।

এমতাবস্থায়, ইউনিয়নের পার্শ্বে উল্লেখিত পরিমাণ কার্ডের সাথে মিল রেখে সূত্রোক্ত স্মারকের পত্র অনুসরণ করে নিম্নলিখিত ছক মোতাবেক উপকারভোগীদের নামের তালিকা অত্র কার্যালয়ে জরুরী ভিত্তিতে **আগামী ১০/০৫/২০২৬ খ্রিস্টাব্দ** তারিখে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**"বিভাজন"**

| ক্রম | ইউনিয়ন | জনসংখ্যা | আয়তন (একর) | জনসংখ্যার হার | কার্ড সংখ্যা | উপ-বরাদ্দ (মে: টন) চাল | নিয়োজিত ট্যাগ অফিসারগণের নাম ও পদবী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মানিকছড়ি | ২৮,৮৫৯ | ১০,৮০৮ | ৩৭.৪৭% | ৩,১৬১ | ৩১.৬১০ | মো: কামরুল আলম<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>মানিকছড়ি, খাগড়াছড়ি। |
| ২ | বাটনাতলী | ১৫,১২৭ | ১১,৫২০ | ১৯.৬৪% | ১,৬৫৭ | ১৬.৫৭০ | মো: জাকির হোসেন<br>সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>মানিকছড়ি, খাগড়াছড়ি। |
| ৩ | যোগ্যাছোলা | ১৩,৪৫২ | ৮,৩২০ | ১৭.৪৬% | ১,৪৭৪ | ১৪.৭৪০ | আব্দুল মান্নান পাটোয়ারী<br>ফিল্ড সুপারভাইজার<br>উপজেলা সমাজ সেবা অফিস<br>মানিকছড়ি, খাগড়াছড়ি। |
| ৪ | তিনটহরী | ১৯,৫৮৯ | ১০,৮৮০ | ২৫.৪৩% | ২,১৪৬ | ২১.৪৬০ | অঞ্জন কুমার নাথ<br>উপসহকারী কৃষি অফিসার<br>মানিকছড়ি, খাগড়াছড়ি। |
| | মোট= | ৭৭,০২৭ | ৪১,৫২৮ | ১০০.০০% | ৮,৪৩৮ | ৮৪.৩৮০ | -- |

**ভিজিএফ উপকারভোগীর বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে ঃ**

১ ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে;

ক। দু: স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতি দুর্যোগে ক্ষতিগ্রস্থ/ দু:স্থ/ অতিদরদ্রিকে অগ্রাধিকার দিতে হবে;

(খ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে (০৪) টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/দু: স্থ পরিবার/অতিদরিদ্র বলে গণ্য হবে;

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা শুধু ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
৪।যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
৬। যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই;
৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যাক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্ত মহিলা;
৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;
৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী;
১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে;
১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না;

(গ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

৩। মঞ্জুরিকৃত চাল নিম্নবর্ণিত শর্তাবলি পালনপূর্বক বিলি বন্টন করতে হবে।

(ক) ভিজিএফ উপকারভোগীর তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।

**(খ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।**

(গ) বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ও সমন্বিত মাষ্টাররোল এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(ঘ) জেলা/উপজেলা খাদ্য গুদাম হতে বিতরণ কেন্দ্র পর্যন্ত চাল পৌছানোর পরিবহন ও আনুষাঙ্গিক খরচ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে।

(ঙ) বরাদ্দকৃত ভিজিএফ চাল অব্যশই ট্যাগ অফিসারের উপস্থিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

৪। (ক) **জরুরী ভিত্তিতে ইউনিয়ন কমিটির সভা করে ট্যাগ অফিসারের উপস্থিতিতে তালিকা চূড়ান্ত করে রেজুলেশনসহ তালিকা আগামী ১০/০৪/২০২৬ খ্রিঃ মধ্যে জমা প্রদান করতে হবে। অন্যথায় আপনার ইউনিয়নের বরাদ্দ বাতিল বলে গন্য হবে।**

(খ) বরাদ্দকৃত খাদ্যশস্য আগামী ১২/০৫/২০২৬ খ্রি: তারিখের মধ্যে উত্তোলন করতে হবে এবং ঈদের পূর্বেই বিতরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে। সময়মত বিতরণে ব্যর্থহলে এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদে ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত নিতে হবে।

(গ) উপকারভোগীদের মধ্যে মহিলাদের সংখ্যা তালিকায় উল্লেখ করতে হবে।

**(ঘ) উপকারভোগীর তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর বরাদ্দ না পায়;**

**(ঙ) যে সকল উপকারভোগী গুচ্ছগ্রাম রেশন কার্ডধারী/ ভিজিডি কর্মসূচি ও অন্যান্য সরকারী সুযোগ সুবিধা পেয়ে থাকে সে সকল পরিবার এ তালিকায় রাখা যাবে না।**

## "উপকারভোগীর নামের তালিকা"

Distrct........................................Upzila:........................................Union........................................

| S. l | Name (In Bangla) | Name (In English) | Father/ Husband Name | Date of Birth | | | NID | Ward | Village |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | DD | MM | YYYY | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

**তাহমিনা আফরোজ ভূঁইয়া**
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চেয়ারম্যান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১নং মানিকছড়ি/২নং বাটনাতলী/৩নং যোগ্যছোলা/৪নং তিনটহরী ইউনিয়ন পরিষদ
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০১৫.২৫- ৪৬৫, তারিখ : ০৬/০৫/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগিত ও কার্যাথে প্রেরণ করা হলো ঃ

১| জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। উপজেলা ..........................................................................কর্মকর্তা ও ট্যাগ অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি। **[তাঁকে বরাদ্দকৃত সংশ্লিষ্ট ইউ'পির উপকারভোগীর নামের তালিকা যাচাই-বাচাইসহ বিতরণ স্থানে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতার অনুরোধসহ]।**
৫। অফিস সংরক্ষন নথি।

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।